



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং-এইচএসপি/উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ/১৭/২০২০/৩৮৮/২(৮১) তারিখ: ১৭.০৮.২০২২ খ্রি।
বিষয়: টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্যাদি সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বিপরীতে টিউশন ফি প্রদান করা হয়। সংযুক্ত তালিকায় উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ HSP-MIS এ টিউশন ফি সংক্রান্ত “পেমেন্টের তথ্য” যথাযথ ভাবে সংশোধন/হালনাগাদ না করায় জানুয়ারি-জুন/২০২২ কিস্তির পে-রোল (Payroll) তৈরি করা সম্ভব না হওয়ায় উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি প্রেরণ করা সম্ভব হয়নি। এছাড়াও কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে একাউন্ট নম্বর/ব্যাংকের শাখা/ব্যাংকের নাম সঠিক না থাকায় টিউশন ফি প্রেরণ করা সম্ভব হয়নি। সরকারি শিক্ষা প্রতিষ্ঠান কোনক্রমে টিউশন ফি পাবে না। সরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান প্রোফাইল ফরমে “লিগাল স্ট্যাটাস” সঠিক ভাবে সংশোধন/হালনাগাদ করবেন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানবৃন্দকে HSP-MIS এ নিম্নের্বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করে আগামী ৩১.০৮.২০২২খ্রি। তারিখের মধ্যে তথ্যাদি সংশোধন/হালনাগাদকরণ বিষয়টি নিশ্চিতকরণসহ মনিটরিং করবেন।

২। শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংশোধন/হালনাগাদের নিয়মাবলী:

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে ‘কনফিগারেশন’ বাটনে ক্লিক করুন;
- ‘প্রতিষ্ঠান তথ্য’ বাটনে ক্লিক করুন;
- ‘প্রতিষ্ঠান তালিকায়’ গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন;
- ‘সম্পাদন করুন’ কলামের ‘কলম আইকন (এডিট অপশন)’ বাটনে ক্লিক করুন। অতঃপর ধারাবাহিকভাবে প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মের তথ্যসমূহ অর্থাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য সংশোধন/হালনাগাদ করতে হবে;
- পেমেন্ট তথ্যে টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে অবশ্যই “শিক্ষা প্রতিষ্ঠানের নামে খোলা ব্যাংক একাউন্ট নম্বর” ব্যবহার করতে হবে। অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর এবং হিসাবধারীর নাম হিসাবে শিক্ষা প্রতিষ্ঠানের নাম অবশ্যই ইংরেজিতে সংশোধন/হালনাগাদ করতে হবে। কোনক্রমেই হিসাবধারীর নামের স্থানে N/A, ব্যক্তিগত নাম, ঘোষনাম বা অন্য কোন বিশেষ চিহ্ন (. / -) ব্যবহার করা যাবে না। প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর ব্যবহার করতে হবে।
- সর্বশেষ ‘সংরক্ষণ’ বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৩। হেল্প লাইন নম্বর: প্রয়োজনে ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯ নম্বরে অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

১৭/১৮/২১
(মোহাম্মদ আসাদুল হক)

ক্ষিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
ফোন: ০২-৫৫০০২০৭৩

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৮/২০২০/৩৮৮।১৭।১৮।১৮।
তারিখ: ১৭.০৮.২০২২খ্রি।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোত্তর ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম কো-অর্টিনেটের, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। টিম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ।
- ০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান (নির্ধারিত সময়ের মধ্যে তথ্যাদি সংশোধনের অনুরোধসহ)
- ১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সিস্টেম এনালিষ্ট, মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সংরক্ষণ নথি।

১৭/৮/২১
(মোঃ তোকিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
ফোন: ০২-৫৫০০২০৬৭